



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

সূত্র: ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৬/১৫৪১

তারিখ: ২৭ নভেম্বর ২০১৬

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন, কোটার মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটার মেধা তালিকা **২৮ নভেম্বর ২০১৬** তারিখ প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (**nu<space>athn<space>roll no** টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। **২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ক্লাশ ১৫ নভেম্বর ২০১৬ তারিখ থেকে শুরু হয়েছে।**

২০১৬-১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর কোটার মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হবে তাদের পরিবর্তিত বিষয়ের ফরম প্রিন্ট করে সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে। ♦ বিষয় পরিবর্তনের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না। ♦ বিষয় পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না।	২৮/১১/২০১৬ থেকে ০১/১২/২০১৬
খ)	কোটার মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করার তারিখ	২৮/১১/২০১৬ থেকে ০১/১২/২০১৬
গ)	কোটার মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম প্রিন্ট করে রেজিস্ট্রেশন ফিসহ (ভর্তি নির্দেশিকার ১১ নং অনুচ্ছেদ অনুযায়ী) সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ	২৯/১১/২০১৬ থেকে ০৩/১২/২০১৬
ঘ)	কলেজ কর্তৃক কোটার মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ	২৯/১১/২০১৬ থেকে ০৩/১২/২০১৬
ঙ)	কলেজ কর্তৃপক্ষকে প্রার্থীদের ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি প্রার্থী থেকে ৪৮৫/- (চারশত পঁচাত্তিশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে কলেজ Login এর মাধ্যমে Admission Payment Info (Honours) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর-021810000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।	০৪/১২/২০১৬ থেকে ০৫/১২/২০১৬
দৃষ্টি আকর্ষণ		
কলেজ কর্তৃপক্ষকে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে কোটার মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (প্রার্থীদের কোটার সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন প্রার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে অনতিবিলম্বে বিষয়টি লিখিতভাবে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে।		

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোবাম্মেরা খানম)

ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

সদস্য সচিব, স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা পরিচালনা মূল কমিটি

ফোন : ৯২৯১০৬৮, কল সেন্টার: ০৯৬১৪০১৬৪২৯,

ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল- deanug@nubd.info

সূত্র: ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৬/১৫৪১

তারিখ: ২৭ নভেম্বর ২০১৬

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (অনার্স)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪